উপজেলাপরিষদ কার্যালয়
বরগুনাসদর, বরগুনা।

সভার নাম ঃ উপজেলা পরিষদের সাধারণ সভা (৩য়)
সভার তারিখ ও সময় ঃ ২৩.০৩.২০২২, বেলা ১১:৩০ টা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বরগুনা সদর
সভাপতি ঃ মোঃ মনিরুল ইসলাম, চেয়ারম্যান,উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"
অনুপস্থিতি ঃ পরিশিষ্ট "খ"

উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করা হয় । অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় । কার্যবিবরনীতে কোনরূপ পরিবর্তন, পরিমার্জন বা সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরন করা হয়।

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	**উপদেষ্টা মহোদয়ঃ** মাননীয় সংসদ সদস্য- ১০৯, বরগুনা- ০১, উপদেষ্টা, উপজেলা পরিষদ, বরগুনা সদর ও সভাপতি, মৎস্য ও প্রাণি সম্পদ সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি সভায় জানান, বরগুনা সদর উপজেলায় উপজেলা পরিষদের উন্নয়ন মূলক কর্মকান্ড এবং দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি বলেন স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে প্রতিটা দপ্তর এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের কর্মকান্ড মাইকফলক হিসেবে কাজ করবেন। এ বিষয়ে সবাই বিস্তারিত আলোচনা করেন।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা পরিষদ কর্মকর্তাদের দাপ্তরিক কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনার জন্য অনুরোধ করেন।	সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান/জনপ্রতিনিধি
০২.	**স্ট্যান্ডিং কমিটি সংক্রান্তঃ** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান এ উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটি রয়েছে। এদের মধ্যে কয়েকটির সভাপতি ভাইস চেয়ারম্যান ও অন্যগুলোর সভাপতি মহিলা ভাইস চেয়ারম্যান এবং সদস্য সচিব সংশ্লিষ্ট দপ্তর প্রধান। তিনি এ কমিটির সদস্য সচিবদের নিয়মিত মিটিং আহবানের অনুরোধ করেন এবং দাপ্তরিক কার্যক্রমে ভাইস চেয়ারম্যানদের সম্পৃক্ত রাখার অনুরোধ করেন। এ বিষয় আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে স্ট্যান্ডিং কমিটির সভাগুলো নিয়মিত করনের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের অনুরোধ জানানো হয় এবং স্ট্যান্ডিং কমিটির সুপারিশসমূহ প্রতি মাসিক সভার পূর্বে উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরের দাখিল করার বিষয় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান
০৩.	**উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারীতি চলতে। জাটকা সংরক্ষণে জেলেদের বিরত রাখতে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ফেব্রুয়ারি ও মার্চ ২০২২ মাসের জন্য কার্ড প্রতি ৮০.০ কেজি হারে ৭৫০০/-জন জেলের ভিজিএফ চালের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত চাল যথা সময়ে উত্তোলন ও বিতরণ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। তিনি বলেন সদর উপজেলায় নিবন্ধিত জেলে সংখ্যা ৭৭৭৮ জন, তার অনুকূলে বরাদ্দ পাওয়া গেছে ৭৫০০ জন জেলের, ফলে কিছু জেলে বাদ থাকবে, পরবর্তী মাসে বরাদ্দের সময় বাদ পরা জেলেদের অগ্রাধিকার ভিত্তিতে চাল দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। ৯নং এম বালিয়াতলী ইউপি চেয়ারম্যান জেলে তালিকা হালনাগাদের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন বর্তমানে ০৩টি ইউনিয়নের হালনাগাদ কার্যক্রম চলমান আছে, পর্যায়ক্রমে সকল ইউনিয়নের তালিকা হালনাগাদ করা হবে। বর্তমানে জাটকা মৌসুম, জেলেরা যাতে জাটকা না ধরে সে ব্যাপারে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। তিনি আরও বলেন, বর্তমান নিবন্ধিত জেলে তালিকায় কোন জেলে মৃত্যু বরন, পেশা পরিবর্তন বা হস্তান্তর করলে বা নতুন জেলে পেশায় অন্তর্ভূক্ত হলে ইউনিয়ন টাস্কফোর্স কমিটি ও উপজেলা কমিটির মাধ্যমে উক্ত তালিকা হালনাগাদ করা যাবে। এবিষয়ে সভায় আলোচনা করেন।	বিভাগীয় কাজবিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সিনিয়র উপজেলা উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৪.	**উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকতা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজবিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকতা
০৫.	**প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকতা সভায় জানান যে মহামারী করোনার (কোভিড-১৯) এর কারনে দীর্ঘদিন প্রাথমিক বিদ্যালয়গুলো বন্ধছিল। প্রাথমিক উপস্থিতি খুব কম থাকায় তিনি ইউপি চেয়ারম্যানদের বিভিন্ন প্রোগ্রামের বক্তৃতা দেওয়ার সময় বাচ্চাদের স্কুলে পাঠানোর জন্য জনগনকে অনুরোধ করার জন্য বলেন, পাঠদান চালু হয়েছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম ভালো ভাবে চলছে। এবিষয়ে সভায় আলোচনা হয়।	বিভাগীয় কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা অনুরোধকরা হয়।	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা।
০৬.	**স্বাস্থ্য বিভাগ ঃ** স্বাস্থ্য কর্মকর্তা জানান যে, টিকা কার্যক্রম চালু আছে। ২৮,২৯,৩০ তারিখে গণটিকা দ্বিতীয় ডোজ দেয়া হবে। সাধারন জনগনকে উৎসাহ প্রদানের জন্য **ইউপি** চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করেন। তিনি আরও **বলেন** বরগুনা সদর হাসপাতালে ১২-১৭ বছরের ছেলে মেয়েদের টিকা দেয়া হবে। এবিষয়ে সভায় আলোচনা হয়।	২৮,২৯,৩০ তারিখে গণটিকা দ্বিতীয় ডোজ প্রদান কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা।
০৭.	**মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সঠিক ভাবে চলছে। ১২-১৭ বছরের ছেলে মেয়েদের টিকা দেয়া প্রায় শেষ পর্যায়ে। এবিষয়ে সভায় আলোচনা হয়।	বিভাগীয় কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
০৮.	**জনস্বাস্থ্য বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সভায় জানান মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন ১০০টি পরিবারের জন্য ১০টি গভীর নলকূপের বোরিং কাজ সম্পন্ন হয়েছে, কাজের অগ্রগতি ৮০%। তিনি সভায় আরো বলেন সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরে প্রাপ্ত ৪টি প্যাকেজে মোট ৪৯০টি গভীর নলকূপের **মধ্যে** ৩৬৯টি গভীর নলকূপের স্থান তালিকা পাওয়া গিয়াছে। এদের মধ্যে ২৪৪টি নলকূপের কাজ সম্পন্ন হয়েছে বাকী ১২১টি গভীর নলকূপের স্থান তালিকার কাজ চলমান আছে। সামগ্রিক কাজের অগ্রগতি ৫০%। এ বিষয়ে সভায় আলোচনা হয়।	বিভাগীয় কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অনুরোধ জানানো হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
০৯.	**যুব উন্নয়নঃ** উপজেলা যুব উন্নয়ন জানান যে, দাপ্তরিক কাজ চলছে। বায়োগ্যাসের নুতন একটি প্রকল্প পাওয়া যায়। যে সকল যুব **ব্যক্তিদের** গরুর ফার্ম রয়েছে তাদেরকে ট্রেনিংটি প্রদান করা হবে। এবিষয়ে সভায় আলোচনা হয়।	বিভাগীয় কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১০.	**উপজেলা প্রকৌশলীঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় ৭নং ঢলুয়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের বড়ইতলা ফেরীঘাট সংলগ্ন মুক্তিযোদ্ধা বাজার থেকে চেয়ারম্যান বাড়ী হয়ে ফুলঢলুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দক্ষিণ দিকে আঃ সত্তার হাওলাদার বাড়ী পর্যন্ত সলিং রাস্তাটি মেরামত করণ হিসেবে উপজেলা পরিষদের ২৮-১০-২০২১ খ্রি. তারিখের মাসিক সমন্বয় কমিটির সভায় অনুমোদিত হয় কিন্তু ভুলে নতুন রাস্তার প্রাক্কলন প্রস্তুতপূর্বক টেন্ডার করা হয়েছে। এক্ষেত্রে ২৮-১০-২০২১ তারিখের সমন্বয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক রাস্তাটি মেরামত করা প্রয়োজন। তিনি আরও বলেন বরগুনা সদর উপজেলার ০৫টি সড়ক এলজিইডি কর্তৃক Pavement, HBB বাস্তবায়ন করে। বর্তমানে পানি উন্নয়ন বোর্ড এলজিইডি কর্তৃক বাস্তবায়িত পাকা সড়ক সমূহের মাটি ভরাটের কাজ করার ফলে সরকারের আর্থিক ক্ষতির হচ্ছে। তিনি আরো	বিস্তারিত আলোচনান্তে উক্ত কাজের বরাদ্দ ঠিক রেখে মেরামত কাজের লক্ষ্যে রি-কাস্ট প্রাক্কলন প্রস্তুত করে কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	বলেন এ উপজেলায় এডিপি ১,০২,৫২,০০০/- এবং উপজেলা উন্নয়ন তহবিল ১,৫৭,৮২,৩০৫/- টাকার স্কীম গ্রহন পূর্বক সিপিসি ও দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন চলছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।		
১১.	**উপজেলা সমাজসেবা বিভাগঃ** সহকারী উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষে উন্নয়ন মেলায় ১৫০ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে ১৫০টি "সুবর্ন নাগরিক কার্ড" বিতরন করা হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা অফিসার।
১২.	**উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা
১৩.	**আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংকঃ** উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, সভায় জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক কে অনুরোধ করা হয়।	উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক
১৪.	**উপজেলা পল্লী উন্নয়ন (বিআরডিবি) বিভাগঃ** উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, সভায় জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতাকে অনুরোধকরা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।
১৫.	**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান টিআর ও কাবিখা এর বরাদ্দ পেয়েছি তালিকাও হয়েছে। এ উপজেলায় ১ম পর্যায়ের ১২টি বীর নিবাসের মধ্যে ১১টির কাজ চলমান আছে এবং ০১টির কাজ বন্ধ রয়েছে। তাছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতাকে অনুরোধকরা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১৬.	**বিবিধ:** (ক) অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থদের এককালীন আর্থিক সাহায্যঃ চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান, বরগুনা পৌরসভায় কেন্দ্রীয় জামে মসজিদ সংলগ্ন বাজারে গত ০৭/০৩/২০২২ তারিখ ভয়াবহ অগ্নিকান্ড এবং নিম্নোক্ত ঘর মালিক/ভাড়াটিয়া ক্ষতিগ্রস্থ হয়। (১) জাকারিয়া পিতা মোঃ আব্দুল আজিজ, কাঠ পট্টি সড়ক (২) মোঃ মুজাহিদ পিতা মাহবুবুর রহমান, কাঠ পট্টি সড়ক (৩) মোঃ ওবায়াদুল পিতা-সুলতান হাং, কাঠ পট্টি সড়ক (৪) ফয়সাল পিতা- মৃত ইব্রাহিম খলিল, ডিকেপি সড়ক (৫) সুমন পিতা- জব্বার, বরগুনা পৌরসভা (৬) মোঃ আলমগীর, পিতা-সিদ্দিকুর রহমান, কাঠপট্টি সড়ক (৭) মোঃ হায়দার পিতা-সিদ্দিকুর রহমান, কাঠপট্টি সড়ক (৮) মোঃ মাসুম চৌধুরী পিতা-আবুল হোসেন চৌধুরী, চকগাছিয়া গাবতলা (৯) সাব্বির আহম্মেদ পিতা- মেছের মিয়া, বরগুনা পৌরসভা (১০) মোঃ মোবারক হাং পিতা-হাতেমআলী, ডিকেপি রোড (১১) মোঃ রাসেল খান, পিতা-বজলুর রহমান, বরগুনা পৌরসভা (১২) মোঃ খোকন পিতা- ওয়ারেচ খান, খেজুরতলা (১৩) মোঃ টিপু খান, পিতা- ওয়ারেচ খান, খেজুরতলা (১৪) মোঃ আফজাল খান পিতা- জেন্নাত আলী খান, ২নং গৌরিচন্না উপজেলা: বরগুনা সদর, বরগুনা ক্ষতিগ্রস্থ ব্যক্তি/ দোকান মালিকগুলো আর্থিক সাহায্যের আবেদন করেছেন। তিনি সরেজমিনে বাজারটি ও ব্যক্তি মালিকানা ঘরগুলো পরিদর্শন করেছেন। তিনি সম্পূর্ণ পুড়ে যাওয়া উক্ত ১৪ (চৌদ্দ)টি দোকানের ক্ষতিগ্রস্তদের প্রত্যেককে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে	(ক) এ বিষয় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৩(ঘ) অপ্রত্যাশিত খাত হতে ক্ষতিগ্রস্থদের এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা করে মোট ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা ব্যয়ের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(ঘ) অনুচ্ছেদ মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে প্রদানের প্রস্তাব করেন। এ বিষয় সভায় আলোচনা হয়।		
	(খ) ঐতিহাসিক ৭ই মার্চের ফুলে চাকঃ চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় আরও জানান, ঐতিহাসিক ৭ই মাচ উপলক্ষে উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন ও উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের পক্ষ থেকে মুজিব অঙ্গন ও উপজেলা পরিষদের অভ্যন্তরে জাতির পিতার মুর‌্যালে পুষ্পস্তবক অর্পণ করা হয়। উপজেলা পরিষদের সার্ট মুদ্রাক্ষরিক জনাব তানিয়া সুলতানা লাকী এর মাধ্যমে ০৬ (ছয়) টি ফুলের চাক সরবরাহ করা হয়। তিনি জনাব তানিয়া সুলতানা লাকী কে ০৬টি ফুলের চাক বাবদ ১২,০০০/- (বারো হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয় সভায় আলোচনা হয়।	(খ) এ বিষয় বিস্তারিত আলোচনান্তে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস/২০২২ উদযাপন উপলক্ষ্যে ফুলের চাক সরবরাহ বাবদ ১২,০০০/- (বারো হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে জনাব তানিয়া সুলতানা (লাকী) সাঁট মুদ্রাক্ষরিক কে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
	(গ) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের দোয়া অনুষ্ঠানের খরচঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি ও সদস্য সচিব, উপজেলা পরিষদ জামে মসজিদ, বরগুনা সদর সভায় আরো জানান যে, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে উপজেলা পরিষদ জামে মসজিদে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ দোয়া অনুষ্ঠানের আপ্যায়ন বাবদ অফিসার্স ক্লাব ক্যাফেটেরিয়া, বরগুনা ৩,০০০/-(তিন হাজার) টাকার বিল দাখিল করেছেন। তিনি উক্ত ৩,০০০/-(তিন হাজার) টাকা রাজস্ব তহবিলের অর্থ থেকে অফিসার্স ক্লাব ক্যাফেটেরিয়া, বরগুনাকে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয় সভায় আলোচনা হয়।	(গ) বিস্তারিত আলোচনান্তে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদ মসজিদের দোয়া অনুষ্ঠানের নাস্তা খরচ বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অফিসার্স ক্লাব ক্যাফেটেরিয়া, বরগুনাকে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
	(ঘ) ঐতিহাসিক ৭ই মার্চ/২০২২ উদযাপন উপলক্ষে আলোক সজ্জাঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বরগুনা সদর, সভায় জানান ঐতিহাসিক ৭ই মার্চ/২০২২ উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদ ভবন, পরিষদের মূলগেইট ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে আলোক সজ্জা বাবদ মেসার্স হাফিজা লাইটিং ২০,০০০/- (বিশ হাজার) টাকার একটি বিল দাখিল করেছেন। বরগুনা সদর উপজেলায় এ দিবস উপলক্ষ্যে আলাদা কোন বরাদ্দ না থাকায় আলোক সজ্জার বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব। এ বিষয় সভায় আলোচনা হয়।	(ঘ) বিস্তারিত আলোচনান্তে ঐতিহাসিক ৭ই মার্চ/২০২২ উদযাপন উপলক্ষে আলোক সজ্জার বিল বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
	(ঙ) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ আয়োজনের খরচঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা বরগুনা সদর সভায় জানান, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা হতে গত ২২.০৩.২০২২ তারিখের ০৫.১০.০৪০০.১০৭.১২.০১৩.২১-১৭৯ সংখ্যক স্মারকে একটি পত্র পাওয়া গিয়াছে। বর্ণিত পত্রে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ (২৬ মার্চ/২০২২) যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) প্রদানের জন্য অনুরোধ করেছেন। এ বিষয় সভায় আলোচনা হয়।	(ঙ) বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার গত ০৮.০৩.২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২-১৪৬ সংখ্যক স্মারকে পত্রে ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) উপজেলা রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের আলোকে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ (২৬ মার্চ/২০২২) যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জেলা প্রশাসক, বরগুনা মহোদয়কে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদাননের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		গৃহীত হয়।	
	(চ) উপজেলা পরিষদ ক্যাম্পাস পরিস্কার পরিচ্ছনকরণ: উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বরগুনা সদর সভায় জানান, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২২ উপলক্ষে উপজেলা পরিষদের ক্যাম্পাসের ঝোপঝাড় ও নালাগুলো পরিস্কার পরিচ্ছন্ন করা হয়। জনাব মোঃ হুমায়ূন কবির মোল্লা, পরিচ্ছন্নতা কর্মী, উপজেলা পরিষদ, বরগুনা এর মাধ্যমে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত টাক) ব্যয়ে এ কার্য সম্পন্ন করা হয়। তিনি উক্ত ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত টাক) টাকা রাজস্ব তহবিলের অর্থ থেকে জনাব মোঃ হুমায়ূন মোল্লা, পরিচ্ছন্নতা কর্মীকে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয় সভায় আলোচনা হয়।	(চ) উপজেলা পরিষদের ক্যাম্পাসের ঝোপঝাড় ও নালাগুলো পরিস্কার পরিচ্ছন্ন ব্যয় বাবদ ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত টাক) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ থেকে জনাব মোঃ হুমায়ূন কবির মোল্লা, পরিচ্ছন্নতা কর্মী উপজেলা পরিষদ কে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
	(ছ) ভ্রমণ বিলঃ জনাব মোঃ ইমরান হোসেন (রাসেল), ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ০৩/০৫/২০২১ খ্রিঃ তারিখ হতে ২৮/১২/২০২১ খ্রিঃ পর্যন্ত বরগুনা সদর উপজেলাধীন ১০ টি ইউনিয়নের বিভিন্ন উন্নয়ন মূলককাজ পরিদর্শন/দর্শন/ তদারকি করে ভ্রমণ ব্যয় বাবদ ৭৪ দিনে (৭৪×৫০০)= ৩৭,০০০/- (সাইত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে উত্তোলনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।	(ছ) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান, জনাব মোঃ ইমরান হোসেন (রাসেল) কর্তৃক ০৩/০৫/২০২১ হতে ২৮/১২/২০২১ পর্যন্ত ভ্রমণ ব্যয় বাবদ ৩৭,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে পরিশোধ/ উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
	(জ) ভ্রমণ বিলঃ জনাব মোসাঃ শামিমা সুলতানা মুন্নি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ০৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ হতে ২৩/১২/২০২১ খ্রিঃ পর্যন্ত বরগুনা সদর উপজেলাধীন ১০ টি ইউনিয়নের বিভিন্ন উন্নয়ন মূলককাজ পরিদর্শন/দর্শন/ তদারকি করে ভ্রমণ ব্যয় বাবদ ৭৪ দিনে (৭৪×৫০০) = ৩৭,০০০/- (সাইত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে উত্তোলনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।	(জ) উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মনিরুল ইসলাম কর্তৃক ০৪/০৫/২০২১ হতে ২৩/১২/২০২১ পর্যন্ত ভ্রমণ ব্যয় বাবদ ৩৭,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে পরিশোধ/ উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
	(ঝ) ফটোকপিয়ারের বিল পরিশোধঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বরগুনা সদর উপজেলা পারিষদের ফটোকপিয়ার মেনিশটি ব্যবহার অনুপযোগী থাকায় নভেম্বর/২০২১ থেকে ফেব্রুয়ারি/২০২২ পর্যন্ত উপজেলা পরিষদের বিভিন্ন সভার নোটিশ, মাসিক সভার কার্যপত্র এবং কোর্ট থেকে তদন্তের জন্য আসা মামলার বিভিন্ন কাগজপত্র মের্সাস ইসলামিয়া স্টোর সদর রোড, বরগুনা ২৯৮৬ কপির মূল্য বাবদ ৫,৯৭২/- (পাঁচ হাজর নয়শত বাহাত্তর) টাকার বিল ভাউচার দাখিল করেছেন। তিনি উক্ত ৫,৯৭২/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।	(ঝ) উপজেলা পরিষদের বিভিন্ন সভার নোটিশ, মাসিক সভার কার্যপত্র এবং কোর্ট থেকে তদন্তের জন্য আসা মামলার বিভিন্ন কাগজপত্র ফটোস্ট্যাট বাবদ ৫,৯৭২/-টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে মের্সাস ইসলামিয়া স্টোর, সদর রোড, বরগুনাকে পরিশোধের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।

পরিশেষে উপস্থিত সদস্যদের বরগুনা সদর উপজেলার সার্বিক উন্নয়নে এবং সরকারের সকল কর্মসূচি বাস্তবায়নে আর ও গতিশীল, আন্তরিক ও সক্রিয় হওয়ার আহবান জানানো হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মনিরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বরগুনা সদর, বরগুনা

স্মারক নং- ০৫.১০.০৪২৮.০০২.০১.০০৬.১৫- ২৬৭ (৫০) তারিখঃ ২৩/০৩/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় সংসদ সদস্য- ১০৯, বরগুনা- ০১, উপদেষ্টা, উপজেলা পরিষদ, বরগুনা সদর ও সভাপতি, মৎস্য ও প্রাণি সম্পদ সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

২. জেলা প্রশাসক, বরগুনা।

৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।

৪. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।

৫. উপজেলা..কর্মকর্তা (সকল), বরগুনা সদর, বরগুনা।

৬. চেয়ারম্যান...ইউপি (সকল), বরগুনা সদর, বরগুনা।

৭. অফিস কপি।

২৩.০৩.২০২২

(সামিয়া শারমিন)
উপজেলা নির্বাহী অফিসার
বরগুনা সদর, বরগুনা।
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বরগুনা সদর, বরগুনা।